গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-৪ শাখা

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মুহিবুর রহমান<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৮.০২.২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা: ১২:০০ ঘটিকা |
| স্থান | স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং ৩, কক্ষ নং ৩৩২) |
| উপস্থিতি | ... |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে স্বাস্থ্য সেবা বিভাগের অভ্যন্তরীণ ইনোভেশন টিমের সভার কার্যক্রম শুরু করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগে উদ্ভাবন চর্চার গুরুত্ব তুলে ধরে বলেন, বর্তমান কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানে উদ্ভাবনী চর্চার যথেষ্ঠ গুরুত্ব রয়েছে। কোভিড-১৯ মোকাবেলায় স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রম দেশে-বিদেশে প্রশংশিত হয়েছে। দেশে কোভিড ভ্যাকসিনের টিকা প্রদান স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানগুলো সাফল্যের সাথে করে আসছে। তিনি সকল অনুবিভাগে কর্মকর্তাদেরকে নতুন নতুন উদ্ভাবনী ধারণা তৈরি ও বাস্তবায়নের মাধ্যমে কোভিড-১৯ নির্মূলসহ স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রমকে এগিয়ে নেওয়ার অনুরোধ জানান। সভাপতি উপসচিব (প্রশাসন-৪) কে গত সভার কার্যবিবরণী উপস্থাপনের জন্য অনুরোধ করেন।

০২. সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ শাহাদত হোসেন কবির, সিনিয়র সহকারি সচিব (শৃংখলা -১, ২ও ৩ শাখা) গত সভার কার্যবিবরণী পাঠ করেন। কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হয়।

০৩. গত ২৪.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক ইনোভেশন টিমের সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য বিষয়ে নিম্নরুপ আলোচনা, পর্যালোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পের রেপ্লিকেশন/স্কেল আপ:**<br>সভাপতি সময়মত গত সভার সিদ্ধান্ত মোতাবেক ২০১৮-২০১৯ অর্থবছরের শোকেসিংয়ে নির্বাচিত প্রকল্পসমূহ দ্রুত স্কেলআপ/রেপ্লিকেশনের নিমিত্ত দেশের প্রতিটি বিভাগে কর্মশালা আয়োজন না হওয়ায় অসন্তোষ প্রকাশ করেন। তিনি রোজার আগে ৪টি বিভাগে এবং রোজার পরে ৪টি বিভাগে ওয়ার্কশপ আয়োজনের আউটলাইন তৈরি করতে প্রশাসন-৪ অধিশাখাকে নির্দেশনা প্রদান করেন। | ক) শোকেসিংয়ের মাধ্যমে রেপ্লিকেশন/ স্কেলআপের জন্য নির্বাচিত প্রকল্পগুলোর ওয়ার্কশপ রোজার আগে ৪টি বিভাগে এবং রোজার পরে ৪টি বিভাগে আয়োজনের আউটলাইন তৈরি করতে হবে। | প্রশাসন-৪/প্রশাসন-২/ বাজেট অধিশাখা |

| | | | |
|---|---|---|---|
| ৩.২ | **ইনোভেশন কমিটির সভা :** সভাপতি ইনোভেশন টিমের সভার সিদ্ধান্তসমূহ নির্দিষ্ট ও নৈর্ব্যক্তিক করার জন্য বলেন। তিনি প্রতিটি সিদ্ধান্ত বাস্তবায়নের সময় সীমা বেঁধে দিতে নির্দেশনা দেন। তিনি আগামীতে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির সভাসমূহের জন্য একটি ক্যালেন্ডার তৈরি করতে নির্দেশনা দেন। তিনি অধিদপ্তর/দপ্তরসমূহ নিয়মিত ইনোভেশন কমিটির মাসিক সভা আয়োজন করছে কিনা তা পর্যবেক্ষণ করতে নির্দেশনা প্রদান করেন। | (ক) ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত নির্দিষ্ট ও নৈর্ব্যক্তিক হবে এবং সিদ্ধান্ত বাস্তবায়নের সময়সীমা থাকবে।<br>(খ) আগামীতে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির সভাসমূহের জন্য একটি ক্যালেন্ডার তৈরি করতে<br><br>(গ)অধিদপ্তর/দপ্তরসমূহ ইনোভেশন টিমের সভা নিয়মিত করছে কিনা পর্যবেক্ষণ করতে হবে। | প্রশাসন-৪ |
| ৩.৩ | **প্রশিক্ষণ/কর্মশালা :**<br>সিনিয়র সহকারি সচিব(শৃংখলা -১, ২ও ৩ শাখা) জানান যে, গত সভার সিদ্ধান্ত মোতাবেক উদ্ভাবন ও সেবা সহজীকরণে সক্ষমতা বৃদ্ধির উপর দুই দিনের প্রশিক্ষণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আগামী মার্চ/২০২১ মাসে একদিনের ওয়ার্কশপ আয়োজন করার প্রস্তুতি চলছে। সভাপতি অধিদপ্তর/দপ্তরসমূহের প্রশিক্ষণ ও কর্মশালা নিয়মিত পর্যবেক্ষণ করার জন্য প্রশাসন-৪ কে নির্দেশনা প্রদান করেন। | ক) ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ ও ওয়ার্কশপ ক্যালেন্ডার অনুযায়ী নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে।<br><br>খ) অধিদপ্তর/দপ্তরসমূহের প্রশিক্ষণ ও কর্মশালা নিয়মিত পর্যবেক্ষণ করতে হবে। | প্রশাসন-৪ |
| ৩.৪ | **সেবাসহজীকরণ ও ডিজিটাল সেবা পাইলটিং:** সিনিয়র সহকারি সচিব (শৃংখলা -১, ২ও ৩ শাখা) জানান যে, অনলাইনে কনফারেন্স রুম বুকিং সফট্ওয়্যারটির পাইলটিং ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। শীঘ্রই চুড়ান্তভাবে উদ্বোধন করা হবে। এছাড়াও জানানো হয় যে, ডিজিটাল ইনভেন্টরি ম্যানেজমেন্ট নামক ডিজিটাল সেবাটি তৈরি সম্পন্ন হয়ে গত ১০ ফেব্রুয়ারি ২০২১ তারিখ হতে বাস্তবায়িত হচ্ছে।<br>সভাপতি ডিজিটাল ইনভেন্টরি সফট্ওয়্যারটি বাস্তবায়ন ও তদারকির জন্য মোঃ জিল্লুর রহমান চৌধুরী, যুগ্মসচিব (প্রশাসন)কে নির্দেশনা দেন। তিনি সেবা দুটি দ্রুততম সময়ের মধ্যে চুড়ান্তভাবে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। | অনলাইনে কনফারেন্স রুম বুকিং এবং ডিজিটাল ইনভেন্টরি ম্যানেজমেন্ট সফট্ওয়্যার দুটি যুগ্মসচিব (প্রশাসন) দ্রুততম সময়ের মধ্যে চুড়ান্তভাবে বাস্তবায়ন করবেন। | যুগ্মসচিব (প্রশাসন)/ প্রশাসন-২/ কম্পিউটার সেল |

| | | | |
|---|---|---|---|
| ৩.৫ | **শোকেসিং ওয়ার্কশপ :**<br>ড. বিলকিস বেগম, উপসচিব (সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১) জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা আগামী ১৫ মে ২০২১ তারিখের মধ্যে শোকেসিং ওয়ার্কশপ আয়োজন করার বাধ্যবাধকতা রয়েছে। বিগত শোকেসিং ওয়ার্কশপগুলোতে এসডিজির সমন্বয়ক প্রধান অতিথি এবং মন্ত্রিপরিষদ সচিব বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। স্বাস্থ্য সেবা বিভাগের শোকেসিং আয়োজনের প্রস্তুতি নেওয়া প্রয়োজন।<br>সভাপতি মে মাসে রোজার ও ঈদ উল ফিতরের ছুটির কারণে শোকেসিং আয়োজন করা সম্ভব নয়। তিনি এপ্রিল মাসের প্রথম সপ্তাহে শোকেসিং ওয়ার্কশপ আয়োজনে এ ব্যাপারে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | এপ্রিল মাসের প্রথম সপ্তাহে শোকেসিং ওয়ার্কশপ আয়োজন করতে হবে। | প্রশাসন-৪ |

০৪. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মুহিবুর রহমান
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪৫.০০.০০০০.১৪৩.৯৩.০০৮.১৮.১০

তারিখ: ২৬ ফাল্গুন ১৪২৭
১১ মার্চ ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
২) অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), ঔষধ প্রশাসন অনুবিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ
৩) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৪) যুগ্মসচিব, বাজেট-১ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৫) যুগ্ম-সচিব, মানবসম্পদ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৬) যুগ্মসচিব, পারসোনেল অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৭) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৮) উপসচিব, ক্রয় ও সংগ্রহ-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
৯) উপসচিব, প্রশাসন-৩ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১০) উপসচিব, প্রশাসন-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১১) উপসচিব, সরকারী স্বাস্থ্য ব্যবস্থাপনা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১২) সিনিয়র সহকারী সচিব, নার্সিং সেবা-১ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৩) উপসচিব, জনস্বাস্থ্য-২ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ
১৪) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ
১৫) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন-৪ শাখা, স্বাস্থ্য সেবা বিভাগ

মোহাম্মদ ইকবাল হোসেন
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)